



১৫ এপ্রিল ২০২০

প্রিয় প্রবাসী ভাই-বোনেরা,

আপনারা অবগত আছেন যে, বিশ্বব্যাপী নভেল করোনা বাইরাস (COVID-19) অব্যাহতভাবে ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাসকে 'Pandemic' হিসেবে ঘোষণা করেছে। এর প্রেক্ষিতে সকলের সুস্থ থাকার লক্ষ্যে বাংলাদেশ, থাইল্যান্ড ও কম্বোডিয়া সরকার কর্তৃক নির্দেশনাসমূহ মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

থাইল্যান্ড ও কম্বোডিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের যেকোন ভিড় এবং জনসমাগম এড়িয়ে চলাসহ স্বাস্থ্য বিভাগ এবং অন্যান্য স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য, ভ্রমণ ও অন্যান্য যাবতীয় পরামর্শ এবং বিধিনিষেধসমূহ মেনে চলার অনুরোধ করা যাচ্ছে।

বাংলাদেশ সরকার ও দূতাবাস প্রবাসী বাংলাদেশীদের সার্বিক কল্যাণে যথাযথ সেবা প্রদানে সর্বদা অঙ্গীকারবদ্ধ। বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে প্রবাসী বাংলাদেশীদের স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে এবং করোনা ভাইরাসের বিস্তৃতি রোধে দূতাবাস সকলের নিকট হতে সার্বিক সহযোগিতা কামনা করছে এবং কনসুলার সেবাসহ যেকোন প্রয়োজনে দূতাবাসের কর্মকর্তা জনাব মোঃ মাসুমুর রহমান, কাউন্সেলর (মোবাইল: +৬৬৬২৯৫৪১১৪৩, ই-মেইল: masumur21@gmail.com; or mission.bangkok@mofa.gov.bd;) ও জনাব মোঃ ফাহাদ পারভেজ বসুনিয়া, প্রথম সচিব (শ্রম), (মোবাইল: +৬৬৯৪৬৭০৬৭১৭, ই-মেইল: labourwingbkk@yahoo.com) এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করছে।

বাংলা নববর্ষের শুভেচ্ছা ও অশ্রমসমৃদ্ধ মুঙ্গলতা
জ্ঞেয়ন্য

নাজমুল কাওনাইন
(মোঃ নাজমুল কাওনাইন)
রাষ্ট্রদূত